গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০২৫.১৮.৯৪৯

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯ / ১৪ ডিসেম্বর ২০২২

বিষয়: **'শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২' এর গেজেট প্রেরণ সংক্রান্ত**

সূত্র: ৫৬.০০.০০০০.০৬১.২২.০০৫.২২.১৪৮তারিখঃ ০৫ ডিসেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত "শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২' এর গেজেটটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ (ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর পত্র (2751/potrojariAttachmentRef/89639/0/4289)
(খ) "শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২" এর গেজেট (2748/potrojariAttachmentRef/89639/0/4289)

১৪-১২-২০২২
দিলসাদ বেগম
যুগ্মসচিব
ফোন: +৮৮০-২-২২৩৩৫৪৫১৬
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: admin1@ssd.gov.bd

বিতরণ :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০২৫.১৮.৯৪৯/১(২)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯ / ১৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

১৪-১২-২০২২
দিলসাদ বেগম
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৯.২২- ১৪০২

তারিখঃ ০৬ পৌষ' ১৪২৯ / ২১ ডিসেম্বর '২০২২

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা এর স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.৩৪.০০১.১৮.৯৪৯ তারিখঃ ১৪-১২-২০২২ এর অনুলিপি (সংযুক্তিসহ) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১. প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর (মেইলযোগে)।
আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার (মেইলযোগে)।
৪. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।
৫. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৭. প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ/ডেপুটি জেলার (প্রশাসন ও উন্নয়ন) কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/আইসিটি সেল/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১০. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১১. গার্ড ফাইল।

21/12/2022
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
পক্ষে- কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৬, ২০২২

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

পলিসি শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ ভাদ্র ১৪২৯/০৪ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: "শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২" গেজেট প্রকাশ।**

নং ৫৬.০০.০০০০.০৬১.২২.০০৫.২২.১১৩—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী ও শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে জাতীয়ভাবে প্রতি বছর ১৮ অক্টোবর কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদায় সফলভাবে 'শেখ রাসেল দিবস' উদ্‌যাপন এর নিমিত্ত সরকার "শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২" অনুমোদন করেছে। সর্বসাধারণের জ্ঞাতার্থে এটি গেজেটে প্রকাশ করা হলো।

সুফিয়া আক্তার রুমী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।



মূল্য : টাকা ১৬.০০

## শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২

১. পটভূমি:

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল ১৮. অক্টোবর ১৯৬৪ সালে ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বর রোডের বাড়িতে জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধু শেখ মুজিব ছিলেন নোবেল বিজয়ী বিখ্যাত দার্শনিক বার্ট্রান্ড রাসেলের ভক্ত। তাঁরই আদর্শে অনুপ্রাণিত হয়ে বঙ্গবন্ধু তাঁর সর্বকনিষ্ঠ পুত্রের নামকরণ করেন শেখ রাসেল। ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের চতুর্থ শ্রেণির ছাত্র শেখ রাসেল ১৯৭৫ সালের ১৫ আগস্ট বর্বর ঘাতক চক্রের নির্মম বুলেটে জাতির পিতা বঙ্গবন্ধু ও বঙ্গমাতাসহ পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে শহীদ হন। শৈশব থেকেই দুরন্ত প্রাণবন্ত রাসেল ছিলেন পরিবারের সবার অতি আদরের। মাত্র সাত বছর বয়সে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালে শেখ রাসেল তাঁর মা এবং দুই বোন শেখ হাসিনা ও শেখ রেহানা সহ পরিবারের সদস্যদের সঙ্গে ধানমন্ডির ১৮ নম্বর সড়কের একটি বাড়িতে বন্দি জীবন কাটিয়েছেন। পিতা বঙ্গবন্ধু তখন পাকিস্তানের কারাগারে বন্দি এবং বড় দুই ভাই শেখ কামাল ও শেখ জামাল চলে গিয়েছিলেন মুক্তিযুদ্ধে। দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধের পর মা ও বোনসহ পরিবারের সদস্যরা ১৯৭১ সালের ১৭ ডিসেম্বর মুক্ত হন। বাহিরে বিজয়-উৎসব চলাকালীন রাসেল 'জয় বাংলা' বলে ঘর থেকে বেরিয়ে আসেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে অন্তর্ভুক্তকরণে এবং বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ (BDP 2100) বাস্তবায়নে সরকার নিরলসভাবে কাজ করছে। শেখ রাসেলের স্মরণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলোকে 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' নামে নামকরণ করা হয়েছে; যা দেশব্যাপী আইসিটি শিক্ষার প্রসারে একটি যুগান্তকারী পদক্ষেপ। দেশের তৃণমূল পর্যায় পর্যন্ত শিক্ষার্থীদের আইসিটি জ্ঞান সম্প্রসারণ ও দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার পাশাপাশি শেখ রাসেলের অমর স্মৃতি লাখো লাখো শিক্ষার্থী, শিশু-কিশোর ও আপামর জনসাধারণের মাঝে জাগ্রত করতে অপরিসীম অবদান রাখছে 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' ও 'স্কুল অব ফিউচার'।

শেখ রাসেল ছিলেন শিশুদের বন্ধু ও গরীব দুঃখী মানুষের সাহায্যকারী। আর্তমানবতার সেবাই ছিল তাঁর জীবনের ব্রত ও উদ্দেশ্য। শেখ রাসেলের মানবিক প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে শিশুরা সোনার বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হবে। সকল শিশুর জন্য নিরাপদ পৃথিবী গড়াসহ ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী/শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এবং তাদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অম্লান রাখতে প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনটিকে জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৪৩ সংখ্যক পরিপত্রের আলোকে 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রতিবছর ১৮ অক্টোবর বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদায় সফলভাবে কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে 'শেখ রাসেল দিবস' উদ্‌যাপনের নিমিত্ত 'শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২' প্রণয়ন করা হলো।

২. শিরোনাম ও সংজ্ঞা:

২.১. শিরোনাম: এ নীতিমালাটি শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২ নামে অভিহিত হবে।

২.২. সংজ্ঞা:

(১) 'সচিব' বলতে সচিব ও সিনিয়র সচিব-কে বুঝাবে।

(২) 'প্রতিষ্ঠান' বলতে সরকারি,আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বুঝাবে।

৩. উদ্দেশ্য:

ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী ও শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে জাতীয়ভাবে প্রতি বছর ১৮ অক্টোবর কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদায় সফলভাবে 'শেখ রাসেল দিবস' উদ্‌যাপন করা।

৪. দিবস উদ্‌যাপনের পর্যায় ও কর্মসূচি:

যথাযথ মর্যাদায় সফলভাবে শেখ রাসেল দিবস উদ্‌যাপনের জন্য নিম্নোক্ত পর্যায়সমূহ বিবেচনা করা হবে এবং কর্মসূচি পালন করা হবে:

৪.১. কেন্দ্রীয় পর্যায়:

কেন্দ্রীয় পর্যায়ের সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান নিজ নিজ কর্মসূচি বাস্তবায়নসহ কেন্দ্রীয়ভাবে গৃহীত সকল কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবে।

(ক) জাতীয় কর্মসূচি (১৮ অক্টোবর)

| ক্রম | কর্মসূচি | | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | বনানী কবরস্থানে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন | | বাংলাদেশ শিশু একাডেমি |
| ২. | ২.১ | কেন্দ্রীয়ভাবে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান আয়োজন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| | ২.২ | স্ব স্ব কার্যালয় প্রাঙ্গণে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান আয়োজন | সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/ প্রতিষ্ঠান /সিটি কর্পোরেশন |
| ৩. | বর্ণাঢ্য র‍্যালী আয়োজন | | ১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ৪. | উদ্বোধনী, শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠান, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | | |
| ৫. | শিশুদের জন্য ধানমন্ডি ৩২ নম্বর বাড়িতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শনের আয়োজন | | বাংলাদেশ শিশু একাডেমি |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৬. | দিনব্যাপী বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রদর্শনী আয়োজন | বাংলাদেশ শিশু একাডেমি |
| ৭. | শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শনী আয়োজন | বাংলাদেশ শিশু একাডেমি |
| ৮. | শিশু একাডেমি মসজিদ এবং ইসলামিক ফাউন্ডেশন ও হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত যথাক্রমে মসজিদ ও মন্দির ভিত্তিক পাঠদান কেন্দ্রগুলোতে শেখ রাসেলের জন্য দোয়া ও প্রার্থনা অনুষ্ঠান আয়োজন | ১) বাংলাদেশ শিশু একাডেমি<br>২) ইসলামিক ফাউন্ডেশন<br>৩) হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| ৯. | মৃত্যুঞ্জয়ী শেখ রাসেল গ্যালারীতে আলোকচিত্র প্রদর্শনী আয়োজন | বাংলাদেশ শিশু একাডেমি |
| ১০. | দিবসের প্রতিপাদ্য ভিত্তিক জাতীয় সেমিনার আয়োজন | ১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১১. | আলোচনা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | ১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>২) বাংলাদেশ শিশু একাডেমি |
| ১২. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | ১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>২) শিল্পকলা একাডেমি |
| ১৩. | দিবস উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত মাসিক শিশু পত্রিকার অক্টোবর সংখ্যাটি শেখ রাসেলের নামে বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশ | বাংলাদেশ শিশু একাডেমি |
| ১৪. | সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান-এ আলোচনা সভা/সেমিনার আয়োজন | সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান |
| ১৫. | ১৮ অক্টোবর তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার আয়োজন | ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২) কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ১৬. | ক) শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;<br>খ) দিবসটি উপলক্ষ্যে জনকূটনীতি অনুবিভাগ হতে প্রাপ্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর প্রদত্ত বাণীসমূহ পাঠ;<br>গ) শেখ রাসেল-এর উপর নির্মিত প্রামাণ্য চিত্রসমূহ প্রদর্শন (ইংরেজি সাবটাইটেল যুক্ত);<br>ঘ) শেখ রাসেল-এর স্মৃতিচারণ বিষয়ক আলোচনা অনুষ্ঠানের আয়োজন;<br>ঙ) শিশুদের নিয়ে বিশেষ অনুষ্ঠানের আয়োজন;<br>চ) দোয়া ও মোনাজাতের আয়োজন। | পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ; |
| ১৭. | ক্রোড়পত্র ও রঙিন বিজ্ঞাপন প্রকাশ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

(খ) দিবস উদ্‌যাপন কর্মসূচি ক্যালেন্ডার:

| ক্রম | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত প্রদর্শন ও প্রচার | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২. | ১৮ অক্টোবর | স্ব স্ব কার্যালয়ে দিবস উপলক্ষ্যে অভ্যন্তরীণ আলোচনা সভা আয়োজন | স্ব স্ব প্রতিষ্ঠান |
| ৩. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | শেখ রাসেল ওয়েবসাইট ব্যবস্থাপনা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৪. | ১৮ অক্টোবর | অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৫. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | ঢাকাস্থ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধু মেমোরিয়াল স্মৃতি জাদুঘর পরিদর্শনের নিমিত্ত অক্টোবর মাসব্যাপী পরিদর্শন প্রোগ্রাম আয়োজন | ১) বাংলাদেশ শিশু একাডেমি<br>২) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>৩) শিশু কল্যাণ ট্রাস্ট ও বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট |
| ৬. | ১৮ অক্টোবর | বাংলাদেশ শিশু একাডেমি পরিচালিত শিশু বিকাশ কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন | বাংলাদেশ শিশু একাডেমি |
| ৭. | ১৮ অক্টোবর | বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন | বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় সহযোগিতায়: আইসিটি অধিদপ্তর ও এটুআই |
| ৮. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | ১. শুটিং, ফুটবল, ব্যাডমিন্টন ও প্যারা ব্যাডমিন্টন সহ অন্যান্য প্রতিযোগিতার আয়োজন<br>২. বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন | শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ৯. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | শুটিং, ফুটবল, ব্যাডমিন্টন ও প্যারা ব্যাডমিন্টন সহ অন্যান্য প্রতিযোগিতার আয়োজন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ১০. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | মাসব্যাপী শেখ রাসেল-কে নিয়ে একাধিক টক-শো আয়োজন; | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১১. | ০১ অক্টোবর – ৩১ অক্টোবর | প্রচার ও ব্র্যান্ডিং: দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল, পোস্টার, লিফলেট, খুদে বার্তা, স্ক্রলিং (টেলিভিশন, ডিজিটাল বিলবোর্ড ও অন্যান্য ইলেক্ট্রনিক মাধ্যম) ইত্যাদিসহ বর্তমান সরকারের সাফল্য তুলে ধরা/উপস্থাপন করা। | ১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২) এটুআই<br>৩) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>৪) বাংলাদেশ টেলিভিশন<br>৫) বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন<br>৬) বাংলাদেশ বেতার ও এফ এম রেডিও<br>৭) বিটিআরসি |

৪.২ বিভাগীয় পর্যায়

বিভাগীয় পর্যায়ে সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান নিজ নিজ কর্মসূচি বাস্তবায়নসহ কেন্দ্রীয়ভাবে প্রেরিত নির্দেশনা অনুযায়ী সকল কর্মসূচি সম্পন্ন করবে। বিভাগীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি নিম্নরূপ:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান আয়োজন | ১) সিটি কর্পোরেশন<br>২) বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>৩) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ২. | কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার | ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>২) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ৩. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>২) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ৪. | বিভাগীয় কমিশনারের কার্যালয়সহ বিভাগীয় পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার আয়োজন | ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অফিস<br>৩) প্রাথমিক শিক্ষা অফিস<br>৪) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট বিভাগ |
| ৫. | প্রচার ও ব্র্যান্ডিং: দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল, পোস্টার, লিফলেট, স্ক্রলিং (ডিজিটাল বিলবোর্ড ও অন্যান্য ইলেক্ট্রনিক মাধ্যম) ইত্যাদিসহ বর্তমান সরকারের সাফল্য তুলে ধরা/ উপস্থাপন করা। | ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>২) আঞ্চলিক তথ্য অফিস |

৪.৩ জেলা পর্যায়:

জেলা পর্যায়ে সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান নিজ নিজ কর্মসূচি বাস্তবায়নসহ কেন্দ্রীয়ভাবে প্রেরিত নির্দেশনা অনুযায়ী সকল কর্মসূচি সম্পন্ন করবে। জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি নিম্নরূপ:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান আয়োজন | ১) জেলা প্রশাসকের কার্যালয়<br>২) জেলা পরিষদ<br>৩) সিটি কর্পোরেশন/পৌরসভা<br>৪) জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>৫) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ২. | বর্ণাঢ্য র‍্যালী আয়োজন | |
| ৩. | কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার | |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪. | জেলা প্রশাসকের কার্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার আয়োজন | ১) জেলা প্রশাসকের কার্যালয়<br>২) জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>৩) জেলা শিক্ষা অফিস<br>৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিস<br>৫) প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই)<br>৬) জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো<br>৭) সরকারি টিচার্স ট্রেনিং কলেজ<br>৮) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট জেলা |
| ৫. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | জেলা শিল্পকলা একাডেমি |
| ৬. | (ক) নিম্নরূপ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

| প্রতিযোগিতার ধরণ | বিষয় | টার্গেটেড গ্রুপ |
|---|---|---|
| চিত্রাঙ্কন | আমার তুলিতে শেখ রাসেল | ৮-১২ বছর |
| রচনা | প্রিয় শেখ রাসেল | ১৩-১৮ বছর |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | (খ) নিম্নরূপ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন | ১) জেলা প্রশাসকের কার্যালয়<br>২) জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| প্রতিযোগিতার ধরণ | বিষয় | টার্গেটেড গ্রুপ |
|---|---|---|
| প্রেজেন্টেশন প্রস্তুত | প্রিয় শেখ রাসেল | ১৩-১৮ বছর |
| শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন (১ম, ২য় ও ৩য়) | শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ | স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | (গ) বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন যেমন- ফুটবল, ব্যাডমিন্টন ও প্যারা ব্যাডমিন্টন ইত্যাদি | শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ৭. | প্রচার ও ব্র্যান্ডিং: দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল, পোস্টার, লিফলেট, স্ক্রলিং (ডিজিটাল বিলবোর্ড ও অন্যান্য ইলেক্ট্রনিক মাধ্যম) ইত্যাদিসহ বর্তমান সরকারের সাফল্য তুলে ধরা/উপস্থাপন করা। | ১) জেলা প্রশাসকের কার্যালয়<br>২) জেলা তথ্য অফিস<br>৩) জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

৪.৪ উপজেলা পর্যায়:

উপজেলা পর্যায়ে সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান নিজ নিজ কর্মসূচি বাস্তবায়নসহ কেন্দ্রীয়ভাবে প্রেরিত নির্দেশনা অনুযায়ী সকল কর্মসূচি সম্পন্ন করবে। উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচি নিম্নরূপ:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান আয়োজন | ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>২) পৌরসভা/ উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ<br>৩) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>৪) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |
| ২. | বর্ণাঢ্য র‍্যালী আয়োজন | |
| ৩. | কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানটি ইউনিয়ন পর্যন্ত সরাসরি সম্প্রচার | |
| ৪. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার আয়োজন | ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>২) উপজেলা শিক্ষা অফিস<br>৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস<br>৪) উপজেলা রিসোর্স সেন্টার<br>৫) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>৬) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট উপজেলা |
| ৬. | (ক) নিম্নরূপ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন (নিচের সারণি দেখুন)<br>বিঃদ্রঃ প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে স্থাপিত সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করতে হবে। অন্যথায় সম্মেলন কক্ষ ব্যবহার করা যেতে পারে। | ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>২) উপজেলা শিক্ষা অফিস<br>৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস<br>৪) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| | (খ) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ কর্তৃক প্রতিযোগিতা আয়োজন | শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |

| প্রতিযোগিতার ধরণ | বিষয় | টার্গেটেড গ্রুপ/স্থান |
|---|---|---|
| উপস্থিত বক্তৃতা/আবৃত্তি | প্রতিপাদ্য নির্ভর | ৮-১২ বছর |
| চিত্রাংকন | আমার তুলিতে শেখ রাসেল | ৮-১২ বছর |
| প্রেজেন্টেশন প্রস্তুত | প্রিয় শেখ রাসেল | ১৩-১৮ বছর |
| প্রোগ্রামিং বা কুইজ প্রতিযোগিতা | ছোট বেসিক প্রোগ্রাম এবং আইসিটি বিষয়ক | ১৩-১৮ বছর |
| শ্রেষ্ঠ ল্যাব নির্বাচন (১ম, ২য় ও ৩য়) | শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ | স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব |

| | | |
|---|---|---|
| ৭. | প্রচার ও ব্র্যান্ডিং: দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল, পোস্টার, লিফলেট ইত্যাদিসহ বর্তমান সরকারের সাফল্য তুলে ধরা/উপস্থাপন করা।<br>বিঃদ্রঃ প্রতিটি ইউনিয়ন পরিষদে প্রোজেক্টরের মাধ্যমে দিবস উপলক্ষ্যে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠান প্রচার করার ব্যবস্থা করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>২) পৌরসভা/ উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ<br>৩) উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>৪) শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ |

**৫. দিবস উদ্‌যাপন কার্যক্রমের ব্যয়:**

বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদায় দিবস উদ্‌যাপন কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য অর্থ বিভাগ এ খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে।

**৬. দিবস উদ্‌যাপন-এর কমিটিসমূহ:**

**৬.১. জাতীয় উদ্‌যাপন ও বাস্তবায়ন কমিটি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | | | |
|---|---|---|---|
| ১) | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | - | সভাপতি |
| ২) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | - | সদস্য |
| ৩) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | - | সদস্য |
| ৪) | সচিব, জননিরাপত্তা বিভাগ | - | সদস্য |
| ৫) | সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ | - | সদস্য |
| ৬) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | - | সদস্য |
| ৯) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ১০) | সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ | - | সদস্য |
| ১১) | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১২) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৩) | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ১৪) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৫) | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৬) | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| ১৭) | সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় | - | সদস্য |
| ১৮) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৯) | অতিরিক্ত সচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | - | সদস্য |
| ২০) | নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | - | সদস্য |
| ২১) | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | - | সদস্য |
| ২২) | মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সী | - | সদস্য |
| ২৩) | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| ২৪) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| ২৫) | মহাপরিচালক,কারিগরি শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| ২৬) | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| ২৭) | মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | - | সদস্য |
| ২৮) | প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম | - | সদস্য |
| ২৯) | প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম | - | সদস্য |
| ৩০) | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী | - | সদস্য |
| ৩১) | প্রকল্প পরিচালক, এটুআই | - | সদস্য |
| ৩২) | নিয়ন্ত্রক, কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ (সিসিএ) | - | সদস্য |
| ৩৩) | কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর | - | সদস্য |
| ৩৪) | প্রিন্সিপাল, ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ | - | সদস্য |
| ৩৫) | চেয়ারম্যান, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ | - | সদস্য |
| ৩৬) | মহাসচিব, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৩৭) | উপদেষ্টা (সকল), শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ | - | সদস্য |
| ৩৮) | সাংগঠনিক সচিব, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ | - | সদস্য |
| ৩৯) | সাংগঠনিক সম্পাদক, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ | - | সদস্য |
| ৪০) | নির্বাহী পরিচালক, সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (সিআরআই) | - | সদস্য |
| ৪১) | সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস ( বেসিস) | - | সদস্য |
| ৪২) | সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কন্টাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো) | - | সদস্য |
| ৪৩) | সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) | - | সদস্য |
| ৪৪) | সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব) | - | সদস্য |
| ৪৫) | সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি) | - | সদস্য |
| ৪৬) | প্রতিনিধি, সূচনা ফাউন্ডেশন | - | সদস্য |
| ৪৭) | প্রতিনিধি, সুচিন্তা ফাউন্ডেশন | - | সদস্য |
| ৪৮) | সভাপতি, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) | - | সদস্য |
| ৪৯) | সভাপতি, টেকনোলজি মিডিয়া গিল্ড বাংলাদেশ (টিএমজিবি) | - | সদস্য |
| ৫০) | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | - | সদস্য-সচিব |

কর্মপরিধি:

১) 'শেখ রাসেল দিবস' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা, কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;

২) কমিটি প্রয়োজনে সকল পর্যায়ে দিবস উদ্‌যাপন কর্মসূচি পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবে;

৩) প্রয়োজনে এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে;

৪) 'শেখ রাসেল দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে গঠিত সকল উপ-কমিটি কে সার্বিকভাবে প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান;

৫) 'শেখ রাসেল দিবস' উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক কার্যক্রমসহ গঠিত বিভিন্ন উপ-কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের তত্ত্বাবধান, সমন্বয় সাধন, পরিবীক্ষণ ও অগ্রগতি পর্যালোচনা;

৬) প্রয়োজনীয় বাজেট অনুমোদন ও আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনাকরণ;

৭) প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং

৮) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৬.২. বিভাগীয় কমিটি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| | | |
|---|---|---|
| ১) বিভাগীয় কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ | - | আহ্বায়ক |
| ২) প্রতিনিধি, সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৩) বিভাগীয় পর্যায়ে সকল সরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য |
| ৪) প্রতিনিধি, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ (০১ জন) | - | সদস্য |
| ৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | - | সদস্য-সচিব |

কর্মপরিধি:

১) বিভাগীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান (যেমন- র‍্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি) আয়োজন;

২) শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনী আয়োজন;

৩) কেন্দ্রীয়ভাবে প্রেরিত কনটেন্টসমূহ প্রচারের ব্যবস্থা করা;

৪) প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে;

৫) প্রয়োজনে এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে;

৬) দিবসটি উদ্‌যাপন শেষে একটি দিবস উদ্‌যাপন প্রতিবেদন দাখিল; এবং

৭) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৬.৩. জেলা কমিটি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| | | |
|---|---|---|
| ১) জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা | - | সভাপতি |
| ২) প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা পরিষদ | - | সদস্য |
| ৩) জেলা পর্যায়ে সকল সরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য |
| ৪) প্রতিনিধি, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন (যদি থাকে) | - | সদস্য |
| ৫) মেয়র, সদর উপজেলাস্থ পৌরসভা | - | সদস্য |
| ৬) জেলা পর্যায়ে সকল সরকারি/ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য |
| ৭) সভাপতি/সাধারণ সম্পাদক, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ (০১ জন) | - | সদস্য |
| ৮) প্রোগ্রামার (জেলা আইসিটি কর্মকর্তা), সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৯) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | - | সদস্য-সচিব |

কর্মপরিধি:

১) জেলা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান (যেমন- র‍্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি) এবং প্রতিযোগিতা (কুইজ, বিতর্ক, রচনা, চিত্রাঙ্কন, প্রোগ্রামিং ইত্যাদি) আয়োজন;

২) শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনী আয়োজন;

৩) কেন্দ্রীয়ভাবে প্রেরিত কনটেন্টসমূহ প্রচারের ব্যবস্থা করা;

৪) প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে;

৫) প্রয়োজনে এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে;

৬) দিবসটি উদ্‌যাপন শেষে একটি দিবস উদ্‌যাপন প্রতিবেদন দাখিল; এবং

৭) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৬.৪. উপজেলা কমিটি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

**উপদেষ্টা:** চেয়ারম্যান, উপজেলা পরিষদ

১) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা - সভাপতি

২) প্রতিনিধি, সংশ্লিষ্ট পৌরসভা - সদস্য

৩) দপ্তর/সংস্থা প্রধান, সংশ্লিষ্ট উপজেলা - সদস্য

৪) প্রতিনিধি, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ (০১ জন) - সদস্য

৫) সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি কর্মকর্তা), সংশ্লিষ্ট উপজেলা - সদস্য-সচিব

কর্মপরিধি:

১) উপজেলা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান (যেমন- র‍্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি) এবং প্রতিযোগিতা (কুইজ, বিতর্ক, রচনা, চিত্রাঙ্কন, প্রোগ্রামিং ইত্যাদি) আয়োজন;

২) শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনী আয়োজন;

৩) কেন্দ্রীয়ভাবে প্রেরিত কনটেন্টসমূহ প্রচারের ব্যবস্থা করা;

৪) প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে;

৫) প্রয়োজনে এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে;

৬) দিবসটি উদ্‌যাপন শেষে একটি দিবস উদ্‌যাপন প্রতিবেদন দাখিল; এবং

৭) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৭. বাস্তবায়নকারী সংস্থা:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ‘শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা ২০২২’ এর বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ সহযোগী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করবে।

**৮. দিবস উদ্‌যাপন পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলি:**

৮.১. পুষ্পস্তবক অর্পণ এর নিমিত্ত শেখ রাসেল-এর প্রতিকৃতির সর্বনিম্ন আকার হবে দৈর্ঘ্য ০৪ ফুট x প্রস্থ ০৩ফুট। সমানুপাতিক হারে উল্লিখিত আকারের চেয়ে বড় আকারের প্রতিকৃতি স্থাপন করা যাবে [সংযোজনী-১] ;

৮.২. সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণ করবে।

**৯. অস্পষ্টতা দূরীকরণ:**

এ নীতিমালার কোনো অনুচ্ছেদের বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর মতামত চূড়ান্ত বলে গণ্য হবে।

**১০. কার্যকারিতা:**

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.